

গুসকরা মহাবিদ্যালয়

5th Semester অনলাইন পরীক্ষা ও খাতা জমা দেওয়া সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশাবলী - 2021

- 5th Semester-এর Admit Card মহাবিদ্যালয়ের ওয়েবসাইটে (www.gushkaramahavidyalaya.ac.in) দেওয়া হবে। প্রত্যেককে তার নিজের Admit Card টি ডাউনলোড করে প্রিন্ট নিয়ে রাখতে হবে। ছাত্রছাত্রীরা কেবলমাত্র নিজের Admit Card-টি ডাউনলোড করবে। অন্যের Admit Card ব্যবহার করলে তা দণ্ডনীয় অপরাধ বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- প্রশ্নপত্রে কেবলমাত্র ৫ নম্বর ও ১০ নম্বরের প্রশ্ন থাকবে।

প্রথম ধাপ: প্রত্যেক ছাত্রছাত্রীকে বিশ্ববিদ্যালয়/কলেজের অফিসিয়াল ওয়েবসাইট থেকে ফ্রন্ট পেজ ডাউনলোড করে সঠিকভাবে পূরণ করতে হবে। (বিশ্ববিদ্যালয়ের রোল নং ও রেজিস্ট্রেশন নং লেখার সময় সতর্ক থাকবে)। এখানে ফ্রন্ট পেজের লিঙ্কও দেওয়া হল, এখান থেকেও ডাউনলোড করা যাবে। Front Page Download link: <https://drive.google.com/file/d/1OTr3Z-bzyq8jiB1tdgyHff3vsm2mkEkJ/view?usp=sharing>

দ্বিতীয় ধাপ: পরীক্ষার নির্দিষ্ট দিনে কলেজ ওয়েবসাইট থেকে পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে প্রশ্নপত্র ডাউনলোড করা যাবে। A4 সাইজের কাগজে নিজের হাতে (টাইপ নয়) উত্তর লেখার কাজটি নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করতে হবে। উত্তরপত্রের প্রত্যেক পাতায় উপরের দিকে University Roll No., Subject, Course/Paper ও Page No. লিখতে হবে। এবং মোট কতগুলি পাতা হয়েছে তা Front Page-এ উল্লেখ করতে হবে।

তৃতীয় ধাপ:

- পরীক্ষার সময় শেষ হওয়ার পর সর্বাধিক ৩০ মিনিটের মধ্যে উত্তরপত্রটিকে Page No.-এর ক্রমানুযায়ী সাজিয়ে PDF করে (Android Phone-এ উত্তরপত্র PDF করার জন্য Google Play Store-এ গিয়ে CamScanner / Kaagaz Scanner / Camera Scanner Advance -এই ধরনের Software ব্যবহার করে PDF করা যাবে) একটি মাত্র ফাইল করে কলেজের ওয়েবসাইটে দেওয়া প্রত্যেকটি বিষয়/কোর্সের জন্য নির্দিষ্ট e-mail-এ পাঠাতে হবে। ফাইলের নাম University Roll No. দিয়ে করতে হবে।
- e-mail পাঠানোর সময় e-mail-এর subject-এর জায়গায় নিজের নিজের Subject ও Paper/Course লিখতে হবে।
- যান্ত্রিক কারণে e-mail পাঠানো সম্ভব না হলে উক্ত ৩০ মিনিটের মধ্যেই কলেজে এসে খাতা জমা দিতে হবে।
- পরীক্ষার্থী ব্যতীত অন্য কেউ খাতা জমা দিতে পারবে না।
- কলেজে আসার সময় মাস্ক পরা বাধ্যতামূলক।



অধ্যক্ষ
গুসকরা মহাবিদ্যালয়